দর্শনা সীমান্তে বিএসএফের মাধ্যমে ভারতীয় নাগরিকের লাশ হস্তান্তর

চুয়াডাঙ্গার দর্শনায় জয়নগর সীমান্তে বিজিবি-বিএসএফ পতাকা বৈঠকের মাধ্যমে অজাত মন্ডল নামের ভারতীয় এক নাগরিকের লাশ হস্তান্তর করা হয়েছে।

আজ মঙ্গলবার (০৩ ডিসেম্বর) সকাল ১০ টার দিকে দর্শনা পৌর এলাকার জয়নগর সীমান্তের ভারত-বাংলাদেশ শূন্য রেখায় ৭৬ নং মেইন পিলারের অদূরে এ পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়।

নিহত অজাত মন্ডল ভারতের পশ্চিমবঙ্গের নদীয়া জেলার চাপড়া থানার পদ্মমালা গ্রামের মৃত ইমান মন্ডলের ছেলে। তার পাসপোর্ট নম্বর R5890230।

জানাগেছে, অজাত মন্ডল তার স্ত্রী আবেদা মন্ডলকে নিয়ে গত ১৯ নভেম্বর বাংলাদেশের দর্শনা ইমিগ্রেশন চেকপোস্ট হয়ে বাংলাদেশের মেহেরপুর জেলার মুজিবনগরে আত্মীয়ের বাসায় বেড়াতে আসেন। পরে গত ২৯ নভেম্বর রাত পৌনে ২ টার দিকে শারীরিকভাবে অসুস্থ হয়ে পড়লে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। এরপর দু’দেশের প্রসেসিং করে আজ মঙ্গলবার সকাল ১০ টার দিকে দর্শনার জয়নগর সীমান্তে বাংলাদেশ-ভারতের সীমান্তরক্ষী বাহিনী বিজিবি-বিএসএফ ও ইমিগ্রেশন পুলিশ, থানা পুলিশ এবং কাস্টমস কর্মকর্তাদের উপস্থিতিতে নিহত অজাত মন্ডলের পরিবারের কাছে লাশ হস্তান্তর করা হয়।

৫ বছর কারাভোগ শেষে আপন

ঠিকানায় ফিরলেন ভারতীয় নাগরিক

চুয়াডাঙ্গা জেলার দর্শনা জয়নগর সীমান্তে বিজিবি-বিএস এফ পতাকা বৈঠক অনুষ্টিত হয়েছে। পতাকা বৈঠকের মাধ্যেমে ৫ বছর কারাভোগ শেষে ভারতীয় নাগরিক মানসিক ভারসাম্যহীন অভিষেক কুমারকে (৩৫) সীমান্তরক্ষী বাহীনি বিএস এফের কাছে হস্তান্তর করেছে বিজিবি।

আটককৃত অভিষেক কুমার ভারতের ঝাড়কান্ড প্রদেশের জারিদি জেলার গান্ধীনগর থানার জারিদি বাজার পাড়ার ঘনশ্যামের ছেলে। আজ বৃহস্পতিবার বেলা সাড়ে ১২ টার দিকে দু দেশের সীমান্তরক্ষীদের পতাকা বৈঠকের মাধ্যেমে এ হস্তান্তর করা হয়। অভিষেক কুমারের পরিবারের পক্ষ থেকে তার মা পুস্পা দেবী তাকে গ্রহন করতে সীমান্তের শৃন্য রেখায় আসেন।

পুলিশ জানায় ২০১৯ সালের ২১ জুলাই রাজশাহী বিভাগের বোয়ালিয়া সীমান্ত দিয়ে অবৈধভাবে বাংলাদেশে প্রবেশ করছিলো। এ সময় বিজিবি অভিষেক কুমারকে আটক করে। পরে তাকে বিজিবি অবৈধ অনুপ্রবেশের দায়ে অভিষেক কুমারের বিরুদ্ধে দায়ের করেন মামলা যার নং ১০। এরপর ২২ মার্চ ২০২২ সালের সুরক্ষা সেবা বিভাগ বহিরাগমন-১ থেকে ভারত প্রত্যাবাসনের চিঠি প্রেরণ করে।

কিন্তু অভিষেকের পারিবারের সন্ধান না পাওয়ায় দায়িত্বশীল কারো কাছে হস্তান্তর করা সম্ভব হয়নি। ২০২৩ সালের সেপ্টেম্বর মাসে ভারতীয় দূতাবাসের একজন কর্মকর্তা একাত্তর টিভির জেষ্ঠ্য চিত্রসাংবাদিক ও সাংগঠনিক সম্পাদক অ্যামেচার রেডিও সোসাইটি বাংলাদেশ মো: শামসুল হুদার প্রত্যাবাসন বিষয়ক বেশ কিছু সাফল্যের কথা জানতে পেরে অভিষেককে তার পরিবারের কাছে ফিরিয়ে দেবার ব্যবস্থা করার জন্য অনুরোধ জানান। দীর্ঘ ৫ বছর কারাভোগ শেষে আপন ঠিকানায় ফিরলেন ভারতীয় নাগরিক অভিষেক কুমার ।

এসময় বাংলাদেশের পক্ষে উপস্থিত ছিলেন, দর্শনা ক্যাম্পের কোম্পানি কমান্ডার মন মোহন, দর্শনা আইসিপি কমান্ডার এনামৃল হক, হাবিলদার সাকার উদ্দিন, চুয়াডাঙ্গা জেলা কারাগারের ইনচার্জ জিললু রহমান, দর্শনা থানার সেকেন্ড অফিসার এস আই খান আব্দুর রহমান, দর্শনা ইমিগ্রেশন ইনচার্জ এস আই আতিক হাসান, এ এস আই মোমিন এ এস আই সায়মুন। ভারতের গেঁদে বিএসএফ ক্যাম্পের কোম্পানী কমান্ডার এসি বিতাশা, এস আই পি মুর্খার্জি, এসআই মজুমদার, গেদে ইমিগ্রেশন

ইনচার্জ জেসি দে, কাস্টমস কর্মকর্তা রামাতার পি যাদব, কৃষ্ণগঞ্জ থানার এএসআই তন্ময় দাস, ডিআইবি সাধন মন্ডল, রেডক্রস প্রতিনিধি চিত্তরঞ্জন প্রমুখ।

১৫ মাস কারাভোগ শেষে নিজ দেশে ফিরলেন ভারতীয় নাগরিক

বাংলাদোশে অবৈধ অনুপ্রবেশের দায়ে কারাভোগ শেষে দর্শনা সীমান্ত দিয়ে নিজ দেশ ভারতে ফিরলেন ভারতীয় নাগরিক।

অবৈধ অনুপ্রবেশকারী ভারতের নদীয়া জেলার চাপড়া থানার ব্রক্ষমনগর গ্রামের সাত্তার শেখের ছেলে নাসির শেখ(৪৫)।

আজ শনিবার বেলা সাড়ে ১১টায় দর্শনা আন্তর্জাতিক চেকপোস্টে বাংলাদেশের বিজিবি -ভারতের বিএসএফ পতাকা বৈঠকের মাধ্যমে তাকে তার পরিবারের কাছে হস্তান্তর করা হয়।

জানাগেছে, ভারতীয় নাগরিক বাংলাদেশের মেহেরপুর জেলার আনন্দবাস গ্রামের মাঠ থেকে গতবছরের ৭ফ্রেব্রুয়ারি অবৈধ অনুপ্রবেশের দায়ে বাংলাদেশ বর্ডারগার্ড ৬ ব্যাটালিয়নের সদস্যরা তাকে আটক করে মুজিবনগর থানায় একটি মামলা দায়ের করেন। যার মামলা নং-৫। এরপর আদালত তাকে দুইমাসের কারাদণ্ড প্রদান করে। দুইমাসের কারাভোগ আর ১বছর আগে শেষ হলেও দুদেশের কাগজপত্র তৈরীর কারণে তাকে আরো ১৩ মাস মেহেরপুর জেলা কারাগারে বন্দি থাকেন। ১৫ মাসের কারাভোগ শেষে তাকে গতকাল শনিবার দর্শনা চেকপোস্ট দিয়ে তার ভাই সিরাজ শেখ ও তার গ্রামের মেম্বার সফি উদ্দিন শেখের কাছে হস্তান্তর করা হয়।

এসময় বাংলাদেশ ও ভারত উভয় দেশের প্রতিনিধি দলের সমন্বয়ে বাংলাদেশের পক্ষে উপস্থিত ছিলেন দর্শনা চেকপোস্টের ইমিগ্রেশন ইনচার্জ এসআই মোঃ আবু নাঈম, দর্শনা থানার এস আই টিপু সুলতান, বিজিবির দর্শনা আইসিপি ক্যাম্প কমান্ডার নায়েব সুবেদার আব্দুল জলিল, মানবাধিকার কর্মী মোঃ জাহাঙ্গীর আলম এবং ভারতের পক্ষে উপস্থিত ছিলেন কৃষ্ণগঞ্জ থানার সাব ইন্সপেক্টর উত্তম কুমার

সরকার, গেদে বিএসএফ ক্যাম্প কমান্ডার শ্রী নাগেন্দ্র পাল, গেদে ইমিগ্রেশন ইনচার্জ গোপাল চন্দ্র দে,গেদে কাস্টমস অজয় নারায়ন রায়,ডিআইবি কৃষ্ণগঞ্জ থানা এস আই বাসুদেব ঘোষ,মানবাধিকার কর্মী চিত্তরঞ্জন পাল প্রমুখ।

জীবননগরে হেরোইনসহ ভারতীয় নাগরিক আটক

জীবননগর সীমান্ত থেকে মাদকদ্রব্য হেরোইনসহ মাদক ব্যবসায়ী জাবের মালিতা (৪২) নামের এক ভারতীয় নাগরিককে আটক করেছে বিজিবি।

গত মঙ্গলবার সন্ধা ছয়টার সময় তাকে জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের গয়েশপুর গ্রাম থেকে আটক করা হয়। তার কাছ থেকে ছয় পুরিয়া হেরোইনট একটি সিমসহ মোবাইল ফোনও একটি ভারতীয় পাসপোর্ট জব্দ করা হয়। রাতে তাকে জীবননগর থানায় সোর্পদ করা হয়েছে।

গত মঙ্গলবার দিবাগত রাত সোয়া ১০টার ৫৮বিজিবির সহকারী পরিচালক মো.নজরুল খান এক প্রেস বিঞ্জপ্তির মাধ্যমে জানান,ভারতের কৃষ্ণগঞ্জ,থানার মেটেরি গ্রামের সাহাব আলী মালিতার ছেলে জাবের মলিতা মঙ্গলবার সন্ধ্যায় মাদকদ্রব্যসহ অবৈধভাবে জীবননগর সীমান্তের ৬৯নম্বর পিলার হতে ৪শ গজ বাংলাদেশের অভ্যন্তরে প্রবেশ করে ।

গোপন সংবাদের ভিক্তিত্বে বিজিবি সদস্যরা জাবের মালিতাকে চ্যালেঞ্জ করে তার কাছে থাকা ছয় পুরিয়া হেরোইন,ভারতীয় পাসপোর্ট ও মোবাইল ফোন জব্দ করেন । তাকে জীবননগর থানা পুলিশের হাতে সোর্পদ করা হয়েছে।
– জীবননগর প্রতিনিধি